I 5898 2000Rs.

INDIA NON JUDICIAL

२000रु. Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हज़ार रुपये TWO THOUSAND RUPEES

Admissible under Rule 21 ... u/s 5 (1) of W. B. L. R. Act. 1951 duly stamped under the Indian stamp Act. 1899 subsequently ammended schedule I A. No ...... 2214.E-7
Fees Paid ...... 1.50

Registrar u/s 7 (2)
North 24-Parganas, Barasat.

Declaration ... to proof of ... Honourable ... Notes ... of 1978/2.

স্থাবর সম্পত্তির সাফ বিক্রয় কোবালা দলিল

বিক্রীত সম্পত্তির মূল্য :- ৪০,০০০ . চল্লিশ

হাজার টাকা মাত্র ।

কোবালা গ্রহিতা ও গ্রহিত্রী :-

১। শ্রী নারায়ণ সরকার , পিতা - মৃত রাজকুমার সরকার ওরফে গোস্বামী । ২। শ্রীমতী মায়া - রাণী সরকার , স্বামী - শ্রী নারায়ণ সরকার, উভয়ের জাতি - হিন্দু, পেশা - ১ নং ব্যবসা, ২ নং গৃহস্থালী, উভয়ের সাকীন - ঠাকুরবাড়ী রোড, মোল্লারহাট, থানা - খড়দহ , জেলা - উত্তর ২৪ পরগণা ।

কোবালা দাত্রী :-

শ্রীমতী মীনা তালুকদার স্বামী - শ্রী অনুকূল চন্দ্র তালুকদার , জাতি - হিন্দু, পেশা - গৃহস্থালী, সাকিন - নবারুণ পল্লী, সোদপুর, থানা - খড়দহ, জেলা - উত্তর ২৪ পরগণা ।

কস্য রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের স্থানীয় বাংলা মাপে কমবেশ ৩ তিন

করিয়া দিয়া এতদ্বারা স্বীকার , অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

2000 Rs.

INDIA NON JUDICIAL

२000 रु.  Rs 2000

सत्यमेव जयते

भारत

दो हजार रुपये  TWO THOUSAND RUPEES

|| ২ ||

কাঠা ৩ তিন X ছটাক শালি জমি যায় উক্ত জমির লাগা পূর্ব্বদিকে ১৬´ ষোল ফুট প্রসস্থ রাস্তার উপর ও তলদেশের সকল প্রকার ইজমেন্ট সুত্বাদি সহ সম্পত্তির সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় নিঃসুত্ব সাফ বিক্রয় খোস কোবালা দলিল পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা উত্তর ২৪ পরগণা, পরগণা কলিকাতা, থানা খড়দহ, সাবরেজিষ্ট্রী বারাকপুর, পানিহাটি মিউনিসিপ্যালিটির অন্তর্গত অত্র জেলা কালেকটারির মহাল ১৫৫ নং তৌজিভুক্ত, ব্র : সা : নং - ১০১, জে : এল : নং - ১৫, মৌজা নাটাগড় গ্রামের রিভি - সন্যাল সেটেলমেন্ট জরিপের ২৫৭ নং খতিয়ান লিখিত ৪ একর ৩ শতক জমির কাত বার্ষিক ১৪ , টাকা ৩ পাই টাকা করের জমি জমার মধ্যে ১২৬৮ নং দাগের শালি .৮১ শতক জমি মধ্যে স্থানীয় মাপে কমবেশ ৩ তিন কাঠা ৩ তিন ছটাক বা ইংরাজী মাপে . ৫ $\frac{১}{২}$ শতক শালি জমি দরবস্তু হক হকুক সম্পত্তি এই দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। উক্ত খতিয়ান লিখিত সমুদয় ৪ একর ৩ শতক জমি কেশব চন্দ্র সাধুখাঁ মহাশয়ের সুত্ব দখলি সম্পত্তি থাকে এবং তাহার নামে উক্ত সমুদয় জমি একক ষোলআনা মালিক সুত্বাধিকারী স্বরূপে রেকর্ড

করিয়া দিয়া এতদ্বারা স্বীকার , অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

10 Rs.




॥ ৩ ॥

লিপিবদ্ধ হইয়া চূড়ান্তভাবে প্রচারিত ও প্রকাশিত হয়। কিন্তু প্রকৃত পক্ষে ঐ জমিতে বিষ্ণুপদ সাধুখাঁর [redacted] অংশ থাকে। কিন্তু তাহার নামে ভ্রমবশতঃ রেকর্ড হয় না। অতঃপর কেশব চন্দ্র সাধুখাঁ ২ দুই পুত্র যথাক্রমে হারাধন সাধুখাঁ ও নিমাই চন্দ্র সাধুখাঁকে এবং বিষ্ণুপদ সাধুখাঁ ৪ চারিপুত্র যথাক্রমে নিতাই সাধুখাঁ, জয়দেব সাধুখাঁ, বাসুদেব সাধুখাঁ এবং সত্য রঞ্জন সাধুখাঁকে ও ১ এক স্ত্রী মায়া দেবীকে ওয়ারিশ উত্তরাধিকারী বিদ্যমান রাখিয়া পরলোক গমন করায় কেশব চন্দ্র সাধুখাঁ ও বিষ্ণুপদ সাধুখাঁর পরিত্যাক্ত উক্ত সমুদয় জমি তাহাদের উপরোক্ত ওয়ারিশানগণ অংশ অনুসারে প্রাপ্ত হইয়া এজমালে ভোগ ব্যবহার করিতে থাকেন।

অতঃপর হারাধন সাধুখা দিং ও নিতাই সাধুখাঁ দি তাহাদের ওয়ারিশান সূত্রে প্রাপ্ত নাটাগড় মৌজার ২৫৭ নং খতিয়ান লিখিত ১৬৬৮ নং দাগের শালি .৮১ শতক জমির মধ্যে ৩ তিন কাঠা ৩ তিন ছটাক শালি জমি বিগত ইংরাজী ৩১শে মার্চ ১৯৭১ তারিখে সম্পাদিত ও মৌকাম বারাকপুর সাবরেজিস্ট্রী আফিসে রেজিস্ট্রীকৃত ১ নং বহির ২৮ নং ভলুমের ২৫৫ হইতে ২৬০ নং পাতায় লিখিত ১০১০ নং কোবালামূলে সাং কৃষ্ণপুর, মহেন্দ্রনগর নিবাসী শ্রী শৈলেন্দ্র কুমার চ্যাটার্জী মহাশয়কে বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হয়েন।

করিয়া দিয়া এতদ্দ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

অতঃপর শ্রী শৈলেন্দ্র কুমার চ্যাটার্জী মহাশয়ের খরিদা ও খাস সুত্ব দখলীয় উক্ত সম্পত্তি আমি অত্র কোবালা দাত্রী আমাকে উক্ত শৈলেন্দ্র কুমার চ্যাটার্জী মহাশয় বিগত ইংরাজী সন ১৯৮১ সানের মোকাম বারাকপুর সাবরেজিষ্ট্রী অফিসের রেজিষ্ট্রীকৃত ১নং বহির ১৬ নং ভলুমের ২৩৪ হইতে ২৩৮ নং পাতায় লিখিত ৭৪০ নং কোবালামূলে বিক্রয় করিয়া চিরতরে নিঃসুত্ব ও দখলহীন হয়েন।

এমতপ্রকারে আমি কোবালা দাত্রী উপরোক্ত কোবালামূলে উক্ত ও নিম্নের তপশীলে বিশেষভাবে বর্ণিত সম্পত্তি খরিদ করিয়া তাহাতে রিতীমত খাস দখল গ্রহণ পূর্ব্বক চাষাবাদ দ্বারা তাহার উপস্বত্ব ভোগে ঐ জমি পাকা সীমানা প্রাচীর দ্বারা বেষ্টন করিয়া লইয়া অন্যের বিরুদ্ধ সুত্ব সত্ত্বে নিজ সুত্ব দখল পরিচালনে খাসে স্বত্ববতী ভোগবতী মালিক দখলকারিণী নিযুক্ত থাকি ও আছি এবং আমি কোবালা দাত্রী এই দলিলের দ্বারা উক্ত ও নিম্নের তপশীল চৌহদ্দিভুক্ত সম্পত্তি একাকিনী বিক্রয় করিতে সম্পূর্ণ হকদার হইতেছি ।

এইক্ষণ আমি কোবালা দাত্রী আমার নানা প্রকার বৈধ ও সঙ্গত কারণে নগদ টাকার আবশ্যকে উক্ত ও নিম্নের তপশীল চৌহদ্দিভুক্ত এবং অত্র সহ সংযোজিত নকসায় লাল রংয়ের সীমারেখা দ্বারা রঞ্জিত ও প্রদর্শিত স্থানীয় মাপে কমবেশ ৩ তিন কাঠা ৩ তিন ছটাক শালি জমি সম্পূর্ণ নির্দ্দায় ও নির্দ্দোষ অবস্থায় বেনমোক্ত মবলগে ৪০,০০০, চল্লিশ হাজার টাকা পণমূল্যে বিক্রয় করিবার ঘোষণা করিলে আপনারা কোবালা গ্রহিতা ও গ্রহিত্রী তাহা অবগত হইয়া আমার প্রস্তাবিত ও ধার্য্য উক্ত মূল্য প্রদানে ঐ জমি খরিদ করিতে সম্মত হওয়ায় আমি কোবালা দাত্রী আমার প্রস্তাবিত ও ধার্য্য পণমূল্যের সমুদয় ৪০,০০০, চল্লিশ হাজার টাকা কোবালা গ্রহিতা আপনাদের নিকট হইতে নিম্নের জায়মত সম্পূর্ণ নগদ এককালীন গ্রহণ করিয়া এবং তাহার প্রাপ্তি স্বীকারে আপনাদের নামে ও আপনাদের ব্যয়ে এই নিঃস্বত্ব সাফ বিক্রয় খোস কোবালা দলিল প্রস্তুত পূর্ব্বক সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিয়া এতদ্বারা স্বীকার, অঙ্গীকার, প্রকাশ ও প্রচার করিতেছি যে :-

বিক্রীত উক্ত ও নিম্নের তপশীলে বিশেষ ভাবে বর্ণিত ও চৌহদ্দিভুক্ত শালি জমিজমাতে আমি দলিল দাত্রী আমার যে সমুদয় স্বত্ব স্বামিত্ব স্বার্থ লভ্য দখল অধিকার হক হকীয়ৎ দাবী দাওয়া প্রভৃতি ছিল বা আছে তৎসমুদয় অদ্য হইতে এই বিক্রয় কোবালা দলিলের বলে আমার হইতে চিরতরে রদ রহিত বিলুপ্ত ও ধ্বংস হইয়া সর্ব্বতোভাবে কোবালা গ্রহিতা আপনাদের অনুকূলে বর্ত্তিল বা অর্শিল । আপনারা কোবালা গ্রহিতা অদ্যকার তারিখ হইতে এই বিক্রয় কোবালা দলিলের বলে বিক্রীত উক্ত ও নিম্নের তপশীলে লিখিত বিক্রীত জমিজমাতে আমার যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগবান, মালিক দখলিকার হইয়া হাল মালিক জমিদার সরকার সেরেস্তায় এবং স্থানীয় মিউনিসিপ্যালিটিতে (পানিহাটি মিউনিসিপ্যালিটিতে) আমার নামের পরিবর্ত্তে আপনাদের নিজ নিজ নাম পত্তনক্রমে ধার্য্য খাজনা ও ট্যাক্সাদি আদায়ে দাখিলা ও বিলাদি গ্রহণে উহা সর্ব্বপ্রকার দান, বিক্রয়, হস্তান্তর অবস্থান্তর , সর্ব্ববিধ রূপান্তর করণের এবং পাকা ইমারৎ বাটী নির্ম্মাণের ক্ষমতাযুক্তে পুত্র, পৌত্রাদি ওয়ারিশান স্থলাভিষিক্ত পরবর্ত্তী ব্যক্তিগণক্রমে পরমসুখে ভোগ ব্যবহার করিতে থাকুন ও থাকিবেন। তাহাতে কস্মিনকালেও আমি কোবালা দাত্রী বা আমার ওয়ারিশানগণ কেহ কখনও কোনদিন কোনপ্রকার ওজরাপত্তি দাবী দাওয়া করিতে পারিব না বা পারিবে না। করিলেও তাহা এই বিক্রয় কোবালা দলিলের বলে সর্ব্বদা, সর্ব্বথা, সকল প্রকার অফিস আদালতে সর্ব্বতোভাবে অসিদ্ধ, অগ্রাহ্য, বাতিল ও নামঞ্জুর বলিয়া গণ্য হইবে।

বিশেষভাবে প্রকাশ থাকে যে বিক্রীত উক্ত ও নিম্নের তপশীলে বর্ণিত শালি জমিজমা বা তাহার কোন অংশ আমি দলিল দাত্রী ইতিপূর্ব্বে কাহাকেও বা কোনস্থানে কোন প্রকার দায়সংযোগ বা দায়াবদ্ধ করি নাই বা করা নাই বা উহা কাহারও জামিনে বা কাহারও খোরপোষের দায়ে চার্জ্জাবদ্ধ নহে। উহা কোন বাকী করের দায়ে বা বাকী পড়া ট্যাক্সের দায়ে নিলাম বিক্রয় হয় নাই বা উক্ত জমিতে কোন প্রকার মামলা চালিত বা মুলতবী নাই। বা উহা কোন আদালতের ক্রোকাবদ্ধ সম্পত্তি নহে। উহাতে কোন স্থায়ী বা কোন অস্থায়ী প্রজা নাই বা ইতিপূর্ব্বে কাহাকেও প্রজাবিলি বা প্রজাপত্তন করি নাই। উহা কোন দেবত্তর বা ব্রহ্মোত্তর সম্পত্তি নহে বা ইতিপূর্ব্বে কোন দেবসেবায় বা কোন পাবলিক চ্যারিটিতে অর্পণ করি

নাই। উহা কোন সরকারী বা কোন ~~ব~~ সরকারী প্রতিষ্ঠান কর্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান হয় নাই বা ঐ প্রকার হইবার জন্য অদ্যতক আমার উপর সরকার কর্তৃক কোন নোটিশ জারি হয় নাই। উহাতে আমার আর কোন অংশীদার বা দাবীদার নাই কিংবা আমি কোবালা দাত্রী কাহারও বেনামদার নহি। আমিই উক্ত ও নিম্ন নিম্নের তপশীল ভুক্ত সম্পত্তির একক ষোলআনা মালিক সত্ত্বাধিকারীণী থাকাকালে উহা সম্পূর্ণ নির্দায় ও নির্দোষ অবস্থায় এই দলিলের দ্বারা কোবালা গ্রহিতা আপনাদের নিকট ই বিক্রয় করিয়া চিরতরে নিঃস্বত্ব ও দখলহীন হইয়া খোললা খাস দখল বুঝাইয়া দিলাম।

যদি ভবিষ্যতে আমার উপরোক্ত উক্তি সমূহের মধ্যে কোন একটি উক্তি মিথ্যা, অশুদ্ধ কি বা বিপরীত বলিয়া প্রকাশ পাইয়া আপনাদের খরিদা এই দলিলের লিখিত জমিজমাতে নিরুপদ্রব ভোগ ব্যবহারে কোন প্রকার বাধা বিঘ্নের সৃষ্টি করে তবে আমি কোবালা দাত্রী তজ্জন্য সম্পূর্ণ দায়ীক রহিলাম এবং আপনাদের পণমূল্যের জেও পণমূল্যের সমুদয় টাকা মায় যাবতীয় ক্ষতি খেসারৎ সম্পূর্ণ নগদ এককালীন আদায় দিতে বাধ্য রহিলাম।

ভবিষ্যতে এই বিক্রয় দলিলে কোন প্রকার ভুল ভ্রান্তি থাকা প্রকাশ পাইলে বা এই দলিলের পোষকতায় অপর কোন প্রকার স্বত্বের পোষক দলিল করিবার আবশ্যক হইলে তাহাও আমি কোবালা দাত্রী আপনাদের তলবমত উক্ত সকল প্রকার ভুল ভ্রান্তি সংশোধন দলিল এবং স্বত্বের পোষক দলিল কোন পণমূল্য বা পারিশ্রমিকের দাবী না করিয়া পরন্তু আপনার ব্যয়ে ও আপনাদের নাম বরাবর উক্ত ভুল ভ্রান্তির সংশোধন দলিল ও স্বত্বের পোষক দলিল সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিত বাধ্য রহিলাম। খাজনা প্রাপকের সেরেস্তায় ও স্থানীয় পৌরপ্রতিষ্ঠানে নাম জারী নাম পত্তণ বা অন্য কোন কার্যের জন্য যদি কোনদিন আমার দ্বারা কোন প্রকার দরখাস্ত বা সাহায্যের আবশ্যক হয় তাহাও আমি কোবালা দাত্রী আপনাদের তলবমত উক্ত প্রকার দরখাস্ত এবং সাহায্য অবিলম্বে করিয়া দিতে বাধ্য রহিলাম। বিক্রীত সম্পত্তির আমার খরিদা মূল কোবালা দলিলখানি এই দাননার্থে

আপনাদের অর্পণ করিলাম।

আমি কোবালা দাত্রী এতদ্বারা প্রতিজ্ঞা পূর্ব্বক প্রচার ও প্রকাশ করিতেছি যে বিক্রীত নিম্ন তপশীল বর্ণিত জমি রিভিসনাল জরিপে নাটাগড় মৌজার ২৫৭নং খতিয়ানে ১৩৬৮ নং দাগে .৮১ শতক জমি (শালি জমি) উল্লেখে রেকর্ড ভুক্ত হইয়াছে ইহা প্রকৃত ও সত্য। আমার খরিদা জমি শালি জমি হইতেছে এবং উহা আমি চাষাবাদ ~~সূত্রে~~ করিতে থাকাকালে এই দলিল দ্বারা আপনাদিগকে বিক্রয় করিলাম।

এতদার্থে সুস্থ শরীরে, সরল মনে, অন্যের বিনানুরোধে, স্বেচ্ছায়, স্বজ্ঞানে আপন খুশিতে এই বিক্রয় কোবালা দলিলখানি পাঠ করিয়া শুনিয়া ও তাহার মর্ম্ম সম্যক অবগত হইয়া এব পণের লিখিত ৪০,০০০, চল্লিশ হাজার টাকা নিম্নের জায়মত নগদ এককালীন গ্রহণ করিয়া এবং তাহার প্রাপ্তি স্বীকারে এই সাফ বিক্রয় খোস কোবালা দলিলখানি সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম। ইতি বাংলা সন ১৩৯৮ সালের ২০শে শ্রাবণ। ইংরাজী ১৯৯১ সালের ৬ই আগষ্ট.।

- : বিক্রীত তপশীল সম্পত্তির পরিচয় :-

জেলা উত্তর ২৪ পরগণা, পরগণা কলিকাতা, থানা খড়দহ, সাবরেজিষ্ট্রী বারাকপুর, পানিহাটি মিউনিসিপ্যালিটির অন্তর্গত অত্র জেলা কালেকটারির মহাল ১৫৫ নং তৌজিভুক্ত, রে : সা : নং - ১০১, জে : এল : নং - ১৫, মৌজা নাটাগড় গ্রামে রায়ত দখলি স্বত্ব বিশিষ্ট স্বত্বের হাল রিভি সনাল সেটেলমেন্ট জরিপের ২৫৭নং খতিয়ান লিখিত ৪.০০শতক জমির কাত বার্ষিক ১৪৲ টাকা ৩ পা করের জমিজমার মধ্যে দলিল গর্ভে বর্ণিত আমার খরিদা ১৩৬৮ একহাজার তিনশত আটষট্টি নং দাগে .৮১শতক মধ্যে পাকা প্রাচীর দ্বারা বেষ্টিত স্থানীয় বাংলা মাপে কমবেশ ৩ তিন কাঠা ৩ তিন ছট শালি জমি যাহা পূর্ব্বাধিকারী কৃত স্কীমের প্লট ১৬ভুক্ত জমি হইতেছে এবং যাহা অত্র দলিল সাথ দাখি নকসায় লাল রংয়ের সীমারেখার দ্বারা রঞ্জিত এবং প্লট ১নং রূপে চিহ্নিত ও প্রদর্শিত হইল তাহা ঐ জমির লাগা পূর্ব্বদিকে ৮ আট ফুট চওড়া রাস্তা বা কমন প্যাসেজের উপর ও তলদেশের সকল প্রকার ইজমেন্ট স্বত্বাদি সহ সম্পত্তি এই দলিলের বিক্রীত সম্পত্তি হইতেছে। যাহার হারাহারি খাজনা বার্ষিক ২৫পয়সা মাত্র বর্তমান মালিক পশ্চিমবঙ্গ সরকার পক্ষে উত্তর ২৪ পরগণা কালেকটার বাহাদুর

সরকার -

রীনা তালুকদার



সেরেস্থায় আদায় দিতে হয়। এই দলিল সাথ দাখিলি নকসা এই দলিলের একাংশ বলিয়া সকল প্রকার অফিস আদালতে কবুল ও মঞ্জুর বলিয়া গণ্য হইবে। অত্র দলিল সাথ গ্রথিত নকসায় প্রদর্শিত কমন প্যাসেজের উপর ও তলদেশ দিয়া অবাধ যাতায়াত, যানবাহন, বিজলী বাতির লাইন, টেলিফোন লাইন, জলের পাইপ ইত্যাদি নিবার ও ব্যবহার করিবার ক্ষমতা আপনারা কোবালা গ্রহিতা ওয়ারিশানগণক্রমে সকল প্রকার ইজমেন্ট স্বত্ব পরিচালনা করিতে পারিবেন।

- : তাহার চৌহদ্দি :-

উত্তরে :- প্লট নং ২ এর জমি যাহা আপনারা অদ্য তারিখে পৃথক দলিল মূলে খরিদ করিলেন।

দক্ষিণ :- ১১৫৪ নং ~~XXXX~~ দাগের জমি ।

পূর্ব :- ১৬´ ষোল ফুট চওড়া রাস্তা এবং আংশীক ৩০ ফুট চওড়া রাস্তা ।

পশ্চিম :- সি এস দাগ ১১৬৬ এবং বি রায়ের জমি ।

- : টাকার জায় :-

অদ্য তারিখে ১০০্ একশত টাকার নোট ৪০০ কেতায় - - - - - ৪০,০০০্ টাকা

মোট চল্লিশ হাজার টাকা মাত্র বুঝিয়া পাইলাম ।

রীনা তালুকদার

- : ই সা দি :-

মুসাবিদাকারক :-

- : টাইপকারক :-

শ্রী অনুপ কুমার বসু,
আলিপুর পুলিশ কোর্ট,
কলিকাতা - ২৭ ।